

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৮.১৮. ৩৩৯

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ শওকত হোসেন মোল্ল্যা, সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা, ডাচ বাংলা ব্যাংক, বিজয়নগর শাখা, ঢাকা, এ একটি যৌথ হিসাব (নং- ১৯১.১৫১.৪৯৫৩০) খুলে বিভিন্ন ব্যক্তির কাছ থেকে বিপুল অঙ্কের অর্থ সংগ্রহ করেছেন। সংগৃহীত অর্থ বর্ণিত ব্যাংক হিসাবে জমা করে বিভিন্ন সন্দেহজনক খাতে ব্যয় করছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মবর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর বিধি-৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক “অসদাচরণ” ও দুর্নীতি এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

জনাব মোঃ শওকত হোসেন মোল্ল্যা
সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি),
শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোঃ শওকত হোসেন মোল্ল্যা, সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা, ডাচ বাংলা ব্যাংক, বিজয়নগর শাখা, ঢাকা, এ একটি যৌথ হিসাব (নং- ১৯১.১৫১.৪৯৫৩০) খুলে বিভিন্ন ব্যক্তির কাছ থেকে বিপুল অঙ্কের অর্থ সংগ্রহ করেছেন। সংগৃহীত অর্থ বর্ণিত ব্যাংক হিসাবে জমা করে বিভিন্ন সন্দেহজনক খাতে ব্যয় করছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর বিধি-৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ শওকত হোসেন মোল্ল্যা, সহকারি অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক “অসদাচরণ” ও দুর্নীতি এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

মোঃ সোহরাব হোসাইন

২৩.০৭.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব